



LIBERTY

JUSTICE

EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata - 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

---

আর জি করের নৃশংস ঘটনার বিকদ্দে সোচ্চার কলেজ ছাত্রী রূপসা মন্ডলের গ্রেপ্তারের প্রতিবাদে  
মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (১৪.০৯.২০২৪)  
এক বিবৃতিতে বলেন,

"আর জি করের নৃশংস ঘটনায় বিবেক-যন্ত্রণায় ক্ষতবিক্ষত সর্বস্তরের মানুষ রাগে ক্ষেত্রে ফেটে  
পড়ছে বারবার, কার্যত পশ্চিমবঙ্গের মানুষ আজ রাস্তায়। বিচার চাইতে তাঁরা পথে নামছে, সৃষ্টি হচ্ছে  
প্রতিবাদে নতুন নতুন ভাষা, কেউ ছবি আঁকছে, গান গাইছে, প্লোগান তুলছে, সামাজিক মাধ্যমে  
প্রতিবাদে সোচ্চার হচ্ছে।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, পশ্চিমবঙ্গের  
বর্তমান শাসক দল দোষীদের আড়াল করতে যতটা সক্রিয়, এই প্রতিবাদকে স্তুতি করতেও ততটাই  
সক্রিয়। নেহাটিতে প্রতিবাদী মিছিলে ছাত্রীদের জামা ছিঁড়ে দেওয়া, শ্লীলতাহানি করার অপরাধে  
দোষীরা গ্রেফতার হয় না, অথচ প্রতিবাদী কলেজ ছাত্রী রূপসা মন্ডল গ্রেপ্তার হয়, জামিন পায় না।

আমরা মনে করি, প্রতিবাদের অধিকার একটি গণতান্ত্রিক অধিকার। এই অধিকারকে খর্ব করা  
মানবাধিকার বিরোধী। আমরা সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন সহনাগরিকের কাছে আবেদন জানাই, অন্যায়ের  
প্রতিবাদ করতে গেলে সাধারণ মানুষদের ওপর যে নির্মম আক্রমণ প্রশাসন ও সমাজ বিরোধীরা করে  
চলেছে তার প্রতিবাদ করতে ও রূপসা মণ্ডলের মুক্তির দাবিতে সোচ্চার হোন।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক